ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ ----
মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), পদ্মা পানি শোধনাগার

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.০০০.০০০.০৭.০০১৫.২৬ নথির বিষয়: পদ্মা ক্যান্টনমেন্ট হতে আগত উর্ধ্বতন কর্তৃপক্ষের পদ্মা পানি শোধনাগার পরিদর্শন ও পানি পরিশোধন কার্যক্রম সংক্রান্ত কর্মশালায় অংশগ্রহণ উপলক্ষ্যে আপ্যায়ন খরচ অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: **পদ্মা ক্যান্টনমেন্ট হতে আগত উর্ধ্বতন কর্তৃপক্ষের পদ্মা পানি শোধনাগার পরিদর্শন ও পানি পরিশোধন কার্যক্রম সংক্রান্ত কর্মশাল অংশগ্রহণ উপলক্ষ্যে আপ্যায়ন খরচ অনুমোদন প্রসঙ্গে।**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২২/২/২৬ ৩:৪৯ অপরাহ্ন

উপরিউক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৪৫০ এমএলডি ক্ষমতাসম্পন্ন পদ্মা পানি শোধনাগার এর পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজ চলমান আছে। শোধনাগারের IPS, WTP & BPS এই তিনটি ইউনিটের সমন্বয়ে পানি পরিশোধণ কাজ সার্বক্ষনিক সচল আছে। শোধনাগার হতে বর্তমানে দৈনিক গড়ে ২০০ হতে ২৬০ এমএলডি পরিশোধিত পানি বিদ্যমান নেটওয়ার্কে যুক্ত হচ্ছে। পানি শোধনাগারটি বাংলাদেশের একটি সর্ববৃহৎ পানি শোধনাগার, যার আভ্যন্তরীন পরিবেশ অনেক সুন্দর। তাই শোধনাগারের IPS, WTP ইউনিটের অপারেশন কার্যক্রম প্রায় সময়ই ঢাকা ওয়াসার বিভিন্ন কর্মকর্তা, ইলেকট্রনিক ও প্রিন্টিং মিডিয়ার লোকজন, বিভিন্ন সরকারী দপ্তর ও দেশি বিদেশী প্রতিষ্ঠান হতে সম্মানিত ব্যক্তিবর্গ পরিদর্শনে আসেন। তৎপ্রেক্ষিতে গত ২৭/০১/২০২৫ খ্রিঃ তারিখে পদ্মা ক্যান্টনমেন্ট এর উধ্বর্তন কর্তৃপক্ষর একটি টিম পদ্মা পানি শোধনাগারের পরিচালন ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম পরিদর্শনে আসেন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২২/২/২৬ ৩:৪৯ অপরাহ্ন

এমতাবস্থায়, পরিদর্শনে উপস্থিত ব্যক্তি বর্গের আপ্যায়নের ব্যবস্থা করা হয়। যাতে শোধনাগারের লোকবলসহ মোট ১৭ জনের আপ্যায়ন (দুপুরের খাবার) খরচ বাবদ সর্বমোট ২৩,৮০০/= (তেইশ হাজার আটশত মাত্র) টাকা খরচ হয়। উক্ত ব্যয় অত্র বিভাগের ২০২৫-২৫৬ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার ক্রমিক নং ২২৩ অর্থাৎ বার্ষিক রিভাইজ বাজেট বরাদ্দের Entertainment খাত হতে নির্বাহ করা যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

সংযুক্তিসমূহ (৫):

১। ২০২৫-২৬ অর্থবছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।.pdf
২। PPR-25 RULES.pdf
৩। 2) approve note TA.pdf
৪। পরিদর্শনে আগত টিমের মতামত.pdf
৫। আলোচ্য কাজের প্রাক্কলন।.pdf

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২২/২/২৬ ৩:৫০ অপরাহ্ন

এমতাবস্থায়, উপরের বিস্তারিত বর্ণনার আলোকে পদ্মা পানি শোধনাগার এর IPS, WTP ইউনিটের অপারেশন ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম পরিদর্শনে উপস্থিত ব্যক্তি বর্গের আপ্যায়নের কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারেঃ

ক) প্রস্তাবিত কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ১০০ (১) মোতাবেক নগদ ক্রয় পদ্ধতিতে সম্পাদনের সদয় অনুমোদন।

খ) প্রস্তাবিত কাজের জন্য প্রাক্কলিত ২৩,৮০০/= (তেইশ হাজার আটশত মাত্র) টাকা ব্যয়ের সদয় আর্থিক ও কারিগরি অনুমোদন।

গ) উক্ত ব্যয় পদ্মা পানি শোধনাগার-এর ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বাজেট বরাদ্দের Entertainment খাত হতে (অনুমোদিত ক্রয়-পরিকল্পনার আইটেম নং- ২২৩) নির্বাহের সদয় প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, আর্থিক ক্ষমতার বন্টন অনুযায়ী উক্ত ব্যয় অনুমোদনের বিষয়টি প্রধান প্রকৌশলী মহোদয়ের এখতিয়ারাধীন।

২২/২/২৬ ৩:৫৭ অপরাহ্ন অমিত বিশ্বাস উপ-সহকারী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	২২/২/২৬ ৪:০০ অপরাহ্ন মোঃ ফরহাদ হোসেন সহকারী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	২২/২/২৬ ৪:০০ অপরাহ্ন গাজী আসরিব বিন সালাম নির্বাহী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	SE/WSTPC

মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা

১.৩। প্রস্তাব অনুমোদন করা হল।

Xen, PWTP

২৩/০২/২০২৬

শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।